

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প

সবার জন্য বিদ্যুৎ



সবার জন্য বিদ্যুৎ : পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের অবদান

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণে মিশ্র জ্বালানী নীতি বাস্তবায়নের মাধ্যমে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র বাংলাদেশের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে শক্তিশালী প্রভাবক হিসাবে কাজ করবে।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে বছরে প্রায় ১৯.৩৪ বিলিয়ন কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদিত হবে, যা ৬ কোটি মানুষ অথবা ১.৫ কোটি পরিবারের বার্ষিক বিদ্যুৎ চাহিদা পূরণে সক্ষম।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র দেশের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের মধ্যে বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহারের ক্ষেত্রে বিদ্যমান অসমতা দূরীকরণে সহায়ক ভূমিকা পালন করবে।
- পর্যাপ্ত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ফলে পশ্চিমাঞ্চলে প্রচুর কলকারখানা গড়ে উঠবে এবং অসংখ্য মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে। এতে এই দুই অঞ্চলের মধ্যে আর্থসামাজিক ব্যবধান কমে আসবে। সর্বোপরি জাতীয় অর্থনীতিতে নতুন প্রানের সঞ্চার হবে।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে দীর্ঘমেয়াদে নির্ভরযোগ্য ও নিরবিচ্ছিন্নভাবে এবং অন্যান্য বিকল্প অপেক্ষা সাশ্রয়ী মূল্যে পর্যাপ্ত পরিমাণ বিদ্যুৎ পাওয়া যাবে, যা দেশের সামগ্রিক উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।



এগিয়ে যাচ্ছে বাংলাদেশ